
### লিকুইড ব্লিচ ব্যবহার

- বিশেষ নির্দেশনার জন্য কাপড়ের কেয়ার লেবেল দেখুন এবং যে কাপড়গুলো ব্লিচ করতে হবে সেগুলো আলাদা করে ফেলুন।
- ক্লোরিন ব্লিচকে পানিতে মিশিয়ে নিন।
- লিকুইড ব্লিচের বোতলে থাকা নির্দেশনাবলি যত্নসহকারে পরিমাপ করুন।
- ওয়াশারটি স্টার্ট করার পূর্বে ব্লিচ ডিসপেন্সারে সরাসরি পরিমাপকৃত ব্লিচ দিয়ে দিন। খেয়াল রাখুন যেন ব্লিচ উপচে পড়ে না যায়। পাউডার ব্লিচ হলে পানিতে মিশিয়ে ডিসপেন্সারে দিন।




### ডিটারজেন্ট যোগ করা

- ATP70 : ডিটারজেন্ট কভারটি খুলে ডিটারজেন্ট চেম্বার এ যথাযথ পরিমাণ ডিটারজেন্ট দিন।
- ATP60 : ডিটারজেন্ট ওয়াশ টাব এ সরাসরি দিন।
- অধিকতর ভালো ফলাফল পেতে হলে মেশিনে ডিটারজেন্ট খুব ভালো করে পানিতে মিশিয়ে দিতে হবে। ডিটারজেন্ট প্যাকেটের নির্দেশনা দেখুন।
- গরম পানিতে ওয়াশ করার পূর্বে পাউডার ডিটারজেন্ট খুব ভালো করে গরম পানিতে মেশানো গুরুত্বপূর্ণ। এই পদ্ধতি ভালো ওয়াশিং পারফর্ম্যান্স পাওয়ার জন্য সহায়ক।

### ফেব্রিক সফটনার ব্যবহার

- ফেব্রিক সফটনার পানিতে মিশিয়ে নিন। মিশিয়ে না দিলে তা কাপড়ে দাগের সৃষ্টি করতে পারে যা দেখতে তেলের দাগের মতো মনে হবে।
- ATP70 এর ক্ষেত্রে প্রয়োজনীয় পরিমাণ সফটনার পরিমাপ করে সফটনার কম্পার্টমেন্টে দিয়ে দিন। প্রস্তুতকারীর নির্দেশনা অনুসরণ করুন। সর্বশেষ রিন্স এর সময় ফেব্রিক সফটনার স্বয়ংক্রিয়ভাবে মিশে যায়। অতিরিক্ত সফটনার ব্যবহার করবেন না। ডিসপেন্সারটি সর্বোচ্চ ৪৫ মি.লি. ধারণ করে এবং এর বেশি কখনোই ঢালবেন না। অতিরিক্ত সফটনার ঢাললে তা নির্ধারিত সময়ের পূর্বেই টাবে মিশে যেতে পারে। যার ফলে কাপড়ে দাগ লেগে যাওয়ার সম্ভাবনা রয়েছে। স্পাউটযুক্ত কাপ পরিমিত সফটনার ঢালতে সহায়ক।
- ATP60 এর ক্ষেত্রে প্রয়োজনীয় পরিমাণ সফটনার পরিমাপ করে ম্যানুয়ালি মেশাতে হবে। মনে রাখবেন মেশিনে দেওয়ার পূর্বে ফেব্রিক সফটনারের সাথে পানি দিয়ে ভালোভাবে মিশিয়ে নিতে হবে। কখনো সরাসরি সফটনার মেশিনে দেওয়া যাবে না।
- ফেব্রিক সফটনারের প্রভাব এর ঘনত্বের উপর নির্ভর করে ভিন্ন ভিন্ন হতে পারে। সফটনার বেশি ঘন হলে তা অপেক্ষাকৃত কম কার্যকর হয়। সেক্ষেত্রে পানিতে মিশিয়ে পাতলা করে ম্যানুয়ালি মিশিয়ে দিন।

